গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ, ক্লাব রোড, বরিশাল
http://food.barisaldiv.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.২৪২.৫৭.২৭৩.২৪.১০১ তারিখঃ ১১/১১/২০২৪ খ্রি.

**বরিশাল মহানগরীর জন্য ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরবরাহ-১ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ০৭/১০/২০২৪ খ্রি. তারিখের ২০২ নং স্মারকে সরকার কর্তৃক জারিকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ এবং ০৯/১০/২০২৪ খ্রি. তারিখের ২০৫ নং পরিপত্রের অনুবৃত্তিক্রমে ০৭/১১/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত বিভাগীয় ওএমএস কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বরিশাল মহানগরীতে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রির (ওএমএস) জন্য ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন আহবান করা যাচ্ছে-

ডিলার নিয়োগে শর্ত ও যোগ্যতা:

১. বাংলাদেশের জাতীয় পরিচয়প্রাপ্ত ১৮ বছরের উর্ধ্বে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন;
২. আগামী ১৮/১১/২০২৪ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত আবেদন ফরম সরবরাহ করা হবে। আবেদনপত্রের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড "১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায়" খাতে জমা প্রদানপূর্বক আবেদনপত্র ও কেন্দ্রের তালিকা জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল কার্যালয় হতে সংগ্রহ করতে হবে;
৩. আবেদনকারীকে আবেদনপত্র আগামী ১৯/১১/২০২৪খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল অথবা আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল কার্যালয় অথবা জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশালে রক্ষিত বক্সে জমা প্রদান করতে হবে;
৪. বরিশাল সিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ ট্রেড লাইসেন্স, খাদ্যশস্য লাইসেন্স (ফুডগ্রেইন লাইসেন্স), জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদ, হালনাগাদ ব্যাংক সলভেন্সি সনদ, পাসপোর্ট সাইজের ২ কপি ছবি ও আবেদন ক্রয়ের চালান সংযুক্ত করতে হবে;
৫. আবেদনকারীকে দোকানের মালিকানা সংক্রান্ত কাগজপত্র (নিজস্ব দোকান হলে মালিকানার কাগজপত্র এবং ভাড়ার দোকান হলে দোকান ভাড়ার চুক্তিপত্র) সংযুক্ত করতে হবে;
৬. আবেদনকারীর যে বিক্রয় কেন্দ্রের জন্য আবেদন করবেন আবেদনপত্রে সেই বিক্রয় কেন্দ্রের নাম ও ওয়ার্ড নং উল্লেখ করতে হবে এবং বিক্রয় কেন্দ্রের স্থানে কমপক্ষে ০৩ (তিন) মে. টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে। একজন আবেদনকারী কেবল একটি কেন্দ্রের জন্য আবেদন করতে পারবেন। কোন আবেদনকারী একাধিক আবেদন দাখিল করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;
৭. আবেদনকারীকে মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে;
৮. নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাকে/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে;
৯. কোনো ব্যক্তি ডিলারশীপ প্রাপ্ত হলে "নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অঙ্গীকারনামা (৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পে) দাখিল করতে হবে। এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে;
১০. আবেদনকারী অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে;
১১. একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থি হলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে আগামী ২৫/১১/২০২৪ খ্রি. তারিখ বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশালে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করা হবে;
১২. বর্তমানে নিয়োজিত ডিলারগণ খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুসারে ওএমএস ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য আবেদন করতে পারবেন;
১৩. খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যেকোনো অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না;
১৪. ওএমএস ডিলার নিয়োগে সময়ে সময়ে জারীকৃত এতদসংক্রান্ত সরকারি নির্দেশনা, নীতিমালা এবং অন্যান্য আদেশসমূহ প্রযোজ্য হবে;
১৫. কর্তৃপক্ষ প্রয়োজনে ডিলার নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয় পরিবর্তন/পরিমার্জন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
১৬. অসম্পূর্ণ আবেদন/ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;
১৭. ওএমএস ডিলার লাইসেন্স হস্তান্তরযোগ্য নয়;
১৮. খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোনো পরিবহণ ঠিকাদার, শ্রম ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসাবে কর্মরত কোনো ব্যক্তি/তাঁর উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলারের জন্য আবেদন করতে/ডিলার হতে পারবেন না;
১৯. প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী ও জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না;
২০. আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি একটি খামে ঢুকিয়ে মুখ বন্ধ অবস্থায় দাখিল করতে হবে এবং খামের উপর আবেদনকারীর নাম, ঠিকানা, মোবাইল নং এবং খামের উপরে ডান পাশে যে কেন্দ্রের জন্য আবেদন করেছেন তার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

মোহাম্মদ মামুনুর রশিদ
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
বরিশাল বিভাগ, বরিশাল
ও সদস্য সচিব
বিভাগীয় ওএমএস কমিটি, বরিশাল

স্মারক নং- ১৩.০১.০০০০.২৪২.৫৭.২৭৩.২৪.১০১ তারিখঃ ১১/১১/২০২৪ খ্রি.

অনুলিপি- সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা

২। বিভাগীয় কমিশনার, বরিশাল ও সভাপতি, বিভাগীয় ওএমএস কমিটি, বরিশাল (বিজ্ঞপ্তিটি মহোদয়ের কার্যালয়ের ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)

৩। প্রশাসক, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল

৪। পুলিশ কমিশনার, বরিশাল মেট্রোপলিটন পুলিশ, বরিশাল

৫। পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

৬। জেলা প্রশাসক, বরিশাল (বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)

৭। পরিচালক, বিভাগীয় তথ্য অফিস, বরিশাল বিভাগ, বরিশাল

৮। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, বরিশাল ও সদস্য বিভাগীয় ওএমএস কমিটি, বরিশাল

৯। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)

১০। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল ও সদস্য, বিভাগীয় ওএমএস কমিটি, বরিশাল (বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)

১১। নোটিশ বোর্ড/ওয়েব পোর্টাল, এ দপ্তর

১২। সংরক্ষণ নথি

11/11/24

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
বরিশাল বিভাগ, বরিশাল
ও
সদস্য সচিব
বিভাগীয় ওএমএস কমিটি, বরিশাল

11/11/24